

(ঘ) অন্য কোনভাবে উহার ক্ষমতার সীমা লংঘন বা ক্ষমতার অপব্যবহার করিয়াছে বা করিতেছে;

তাহা হইলে জেলা প্রশাসক, উক্ত গ্রাম সরকার বাতিল ঘোষণা করিয়া বিজ্ঞপ্তি প্রকাশ করিবেন:

তবে শর্ত থাকে যে, উক্ত আদেশ প্রদানের পূর্বে গ্রাম সরকারকে উহার বিরুদ্ধে কারণ দর্শানোর সুযোগ প্রদান করিতে হইবে।

(২) উপ-ধারা (১) এর অধীন গ্রাম সরকার বাতিল হইলে পরিচালনাকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত এডহক কমিটি গ্রাম সরকারের দায়িত্ব পালন করিবে।

(৩) ওয়ার্ডের ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্ত আছে এমন ভোটারদের সমন্বয়ে এডহক কমিটি গঠিত হইবে।

২৫। এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিধি প্রণয়ন করিতে পারিবে।

২৬। এই আইনের বিধানাবলী কার্যকর করিবার ক্ষেত্রে উক্ত বিধানে কোন অস্পষ্টতার কারণে অসুবিধা দেখা দিলে সরকার উক্ত অসুবিধা দূরীকরণার্থে সরকারী গেজেটে প্রকাশিত আদেশ দ্বারা প্রয়োজনীয় যে কোন ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

২৭। স্থানীয় সরকার (গ্রাম পরিষদ) আইন, ১৯৯৭ (১৯৯৭ সনের ২১ নং আইন) এতদ্বারা রহিত করা হইল।

তফসিল

(শপথনামার ফরম)

আমি পিতা/স্বামী
..... গ্রাম সরকারের গ্রাম সরকার
প্রধান/উপদেষ্টা/সদস্য হিসাবে দায়িত্বভার গ্রহণের উদ্দেশ্যে সশ্রদ্ধচিত্তে শপথ
গ্রহণ করিতেছি যে, আমি বাংলাদেশের প্রতি অকৃত্রিম বিশ্বাস ও আনুগত্য পোষণ
করিব, এবং আমি আমার প্রতি ন্যস্ত দায়িত্ব ভীতি বা অনুগ্রহ, অনুরাগ বা
বিরাগের বশবর্তী না হইয়া নিষ্ঠার সহিত পালন করিব।

তারিখ
গ্রাম সরকার প্রধান/উপদেষ্টা/সদস্য।